

আল-মুয়াম্মিল | Al-Muzzammil | المُزَمِّل

আয়াতঃ ৭৩ : ২

আরবি মূল আয়াত:

﴿ ۲ ﴾ قَلِيلًا لَّا إِلَيْهِ قُمْ

A ২ অনুবাদসমূহ:

রাতে সালাতে দাঁড়াও কিছু অংশ ছাড়া। — আল-বায়ান

রাতে নামাযে দাঁড়াও তবে (রাতের) কিছু অংশ বাদে, — তাইসিরুল

রাত জাগরণ কর কিছু অংশ ব্যতীত। — মুজিবুর রহমান

Arise [to pray] the night, except for a little - — Sahih International

২. রাতে সালাতে দাঁড়ান(১), কিছু অংশ ছাড়া,

(১) এখানে বিশেষভঙ্গিতে সম্মোধন করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে তাহাজ্জুদের আদেশ করা হয়েছে। বিভিন্ন বর্ণনা থেকে বোঝা যায় যে, আলোচ্য আয়াতসমূহ ইসলামের শুরুতে এবং কুরআন অবতরণের প্রাথমিক যুগে অবতীর্ণ হয়েছে। তখন পর্যন্ত পাঁচ ওয়াক্ত সালাত ফরয ছিল না। পাঁচ ওয়াক্ত সালাত মে'রাজের রাত্রিতে ফরয হয়েছিল। এই আয়াতে তাহাজ্জুদের সালাত কেবল ফরযই করা হয়নি; বরং তাতে রাত্রির কমপক্ষে এক চতুর্থাংশ মশগুল থাকাও ফরয করা হয়েছে। আয়াতের মূল আদেশ হচ্ছে কিছু অংশ বাদে সমস্ত রাত্রি সালাতে মশগুল থাকা। এই আদেশ পালনার্থে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও সাহাবায়ে কেরাম অধিকাংশ রাত্রি তাহাজ্জুদের সালাতে ব্যয় করতেন। ফলে তাদের পদব্যয় ফুলে যায় এবং আদেশটি বেশ কষ্টসাধ্য প্রতীয়মান হয়। পূর্ণ এক বছর পর এই সূরার শেষাংশ (فَاقْرِعُوا مَا تَيَسَّرَ مِنْهُ) অবতীর্ণ হলে দীর্ঘক্ষণ সালাতে দণ্ডয়মান থাকার বাধ্যবাধকতা রহিত করে দেয়া হয় এবং বিষয়টি ইচ্ছার উপর ছেড়ে দিয়ে ব্যক্ত করা হয় যে, যতক্ষণ সালাত আদায় করা সহজ মনে হয়, ততক্ষণ সালাত আদায় করাই তাহাজ্জুদের জন্যে যথেষ্ট। [ইমাম মুসলিম এই বিষয়বস্তু আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন, হাদীস নং: ৭৪৬]

তাফসীরে জাকারিয়া

(২) রাত্রি জাগরণ কর, কিছু অংশ ব্যতীত।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5477>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন